



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

একাডেমিক ও স্কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)

ইমেইল : academic@pust.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-পাবিপ্রবি/একা/২২৫/১২৫৬

তারিখ: ১৩/১২/২০২২ খ্রি.

## ভর্তির নোটিশ (Fifth Phase)

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ এবং পঞ্চম পর্যায়ে ভর্তির জন্য নির্বাচিত (A, B এবং C ইউনিট) মেধাক্রমানুযায়ী প্রকাশিত ফলাফলের ভিত্তিতে বিভাগ প্রাপ্ত শিক্ষার্থী এবং কোটা প্রথম পর্যায় ও **Architecture** বিভাগের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ চতুর্থ পর্যায় এর জন্য মনোনীত শিক্ষার্থীদের নিম্নোক্ত স্থান ও সময়সূচী অনুযায়ী এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র জমা দিতে হবে। অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীর নাম ও GST রোল নম্বর A4 সাইজের খামের উপরে লিখে মূল নম্বরপত্র দুটি খামের ভিতরে করে জমা দিতে হবে।

অনলাইনে প্রাথমিক ভর্তি ও ফি প্রদান	প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান: ১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৬/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত
মূল কাগজপত্র জমা	১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ১৫/১২/২০২২ তারিখ সকাল ১০:০০ - বিকাল ০৩:৩০ টা পর্যন্ত ১৬/১২/২০২২ তারিখ (বন্ধ) ১৭/১২/২০২২ তারিখ সকাল ১০:০০ - বিকাল ০৩:৩০ টা পর্যন্ত
মূল কাগজপত্র জমাদানের স্থান	আইসিটি সেল (প্রশাসনিক ভবনের ৫ম তলা)


### বিশেষ দৃষ্টব্যঃ

- আবেদনকারী প্রথমবার এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হলে তাকে অবশ্যই তার পছন্দ অনুযায়ী একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে।
- প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

### ইতোমধ্যে প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রয়োজ্যঃ

- GST-ভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে প্রাথমিক ভর্তি সম্পন্ন করে থাকলে পুনরায় ভর্তি হতে হবে না।
- কোন আবেদনকারী একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি থাকা অবস্থায় অন্য এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মনোনীত হলে তার পছন্দমত অন্য বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন (University Migration) করতে পারবে।
- University Migration সম্পন্ন করলে পূর্বের বিশ্ববিদ্যালয়ে পরবর্তীতে ভর্তির জন্য বিবেচিত হবে না।
- প্রয়োজ্য ক্ষেত্রে আবেদনকারীকে নিজ দায়িত্বে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে <https://gstadmission.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে University Migration (১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৬/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে) সম্পন্ন করতে হবে।
- সেক্ষেত্রে কোন বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হবার প্রয়োজন নাই। মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা আছে সেখানেই থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও GST Admission Guideline - এ প্রদত্ত।



(মোঃ ফজলে রাকী খান)

অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক ও সদস্য সচিব

২০২১-২০২২ GST গুচ্ছভুক্ত

সমন্বিত ভর্তি পরীক্ষা কমিটি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।